# সাংবাদিক সম্মেলনঃ বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখার অফিসিয়াল ওয়েবসাইট উদ্বোধন ও গণস্বাক্ষর সংগ্রহ সমাপ্তি ঘোষনা

গত ২২শে জুন ২০০৮ সিডনিস্থ কাফে ক্লোভ-এ বিকেল ৬টায় বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখা তাদের নিয়মিত সভা শেষে একটি সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। সাংবাদিক সম্মেলনটি অনেকদিন ধরেই সিডনিতে আওয়ামী রাজনীতি ও বাংলাদেশের সাম্প্রতিক অবস্থার পরিপ্রেক্ষিতে বহুল কাংখিত ছিলো। সম্মেলনে উপস্থিত ছিলেন সিডনিস্থ প্রভাবশালী সাংবাদিক ও মিডিয়া ব্যক্তিত্বরা। সাংবাদিকরা এসময় বিভিন্ন ভাবে প্রশ্ন করেন বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখার আহবায়ক ও সদস্য সচিবকে। বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখার বিপুল কর্মী ও নেতৃবৃন্দ সম্মেলনে উপস্থিত ছিলেন। এছাড়া ছাত্রলীগ অস্ট্রেলিয়ার সাধারন সম্পাদক অপু সারোয়ারের নেতৃত্বে ছাত্রলীগ নেতৃবৃন্দও উপস্থিত থাকেন।

এসময়, বাংলাদেশের বর্তমান রাজনৈতিক পরিবেশের উপর করা এক প্রশ্নের জবাবে বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখার আহবায়ক ডঃ শামস রহমান কেন্দ্রীয় আওয়ামী লীগের পলিসি ও রাজনৈতিক অবস্থান চমৎকারভাবে তুলে ধরেন। অস্ট্রেলিয়ায় দীর্ঘ ১৩ বছরের আওয়ামী রাজনৈতিক মৃতপ্রায় সংগঠনকে পুনরিজ্জীবিত করায় ধন্যবাদ জ্ঞাপন করে সম্মেলনকে ঘিরে প্রশ্ন করে চেঁপে ধরেন স্থানীয় সাংবাদিকবৃন্দ। ডঃ শামস রহমান এই আগস্টেই বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখার সম্মেলনের ঘোষনা দেন । এসময় তিনি দ্যর্থহীন কণ্ঠে একটি ঐক্যবদ্ধ আওয়ামী লীগের উপর জোড় দেন এবং কেন্দ্রীয় নেতৃবৃন্দের উপস্থিতিতে আহুত এই সম্মেলনের সদস্য সংগ্রহের ঘোষনা দেন। এসময়, সম্মিলিত সাংবাদিকদের উপস্থিতিতে বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখার অফিসিয়াল ওয়েবসায়ট **www.albd-australia.org** উদ্বোধন করেন ডঃ শামস রহমান। বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখার সদস্য সচিব আনিসুর রহমান রিতু বলেন, একটি গতিশীল ও বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী সংগঠন গড়ে তোলায় নতুন ও পুরনো নেতৃত্বের সুষম ও আদর্শিক সম্মিলনের কোন বিকল্প নাই। কেন্দ্রীয় আওয়ামী লীগের বিদেশ শাখাদের মধ্যে বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখাই প্রথম যারা একটি শক্তিশালী সংগঠনের  এই ওয়েব সাইটটি সুন্দরভাবে দ্রুততম সময়ে সম্পন্ন করার জন্য তিনি সংগঠনের তরুন নেতা মেহেদি হাসান শাহীন-কে ধন্যবাদ জানান।

সাংবাদিক সম্মেলনের  এই পর্যায়ে জননেত্রী শেখ হাসিনার অবৈধ আটকাদেশ প্রতিবাদে ও সমস্ত ষড়যন্ত্রমুলক মামলা অবিলম্বে প্রত্যাহারের দাবীতে সমগ্র অস্ট্রেলিয়া জুড়ে স্বাক্ষর সংগ্রহের অভিযানের উপর আলোকপাত করা হয়। এ সংক্রান্ত প্রশ্নের জবাবে স্বাক্ষর অভিযান সাব-কমিটির আহবায়ক আল নোমান শামীম বলেন, প্রায় ৯ টি জোনে বিভক্ত করে এই স্বাক্ষর সংগ্রহ করা হয় এবং কেবলমাত্র জননেত্রী শেখ হাসিনার মুক্তির বিষয়টিই এখানে জোর দেয়া হয়। নেতা-কর্মীদের বিপুল উৎসাহ ও কর্মোদ্দীপনায় প্রায় ৬০০-এর বেশী সাক্ষর সংগ্রহের এই কঠিন কাজটি সুন্দরভাবে সম্পন্ন হয়েছে, যার পুরো কৃতীত্ব বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখার সর্বস্তরের নেতা ও কর্মীদের। বাংলাদেশ ছাত্রলীগ অস্ট্রেলিয়া শাখার অবদানকে বিশেষ ভাবে তুলে ধরা হয়। কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রত্যক্ষ নির্দেশে করা এই কাজটি পৌছে দেয়া হয়েছে কেন্দ্রের কাছে। আর এই স্বাক্ষর অভিযানে প্রবাসী বাংলাদেশী ছাড়াও স্থানীয় অস্ট্রেলিয়ানদের চোখে পড়ার মতো অংশগ্রহনই প্রমান করে শুধু আমরাই না, সমগ্র অস্ট্রেলিয়ান জাতিই  আওয়ামী লীগের সভানেত্রী শেখ হাসিনার আটকাদেশের বিষয়টি নিয়ে উদ্বিগ্ন ছিলেন। ডঃ শামস রহমান সাংবাদিক সম্মেলনে সাক্ষর সংগ্রহ অভিযান আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষনা করেন।

সাংবাদিক সম্মেলনে সরব ছিলেন, জনাব ফজলুল বারী(দৈনিক জনকণ্ঠ), জনাব মিজানুর রহমান তরুন(একুশে বেতার রেডিও), জনাব লুৎফর রহমান শাওন(স্বদেশ বার্তা পত্রিকা), জনাব হারুন রশিদ আজাদ(বেতার বাংলা রেডিও), ডঃ নারগিস বানু(ভয়েস অফ বাংলাদেশ রেডিও), জনাব শাহিন মোহাম্মদ আমান উল্লাহ প্রধান(অজবাংলা রেডিও), জনাব ফরিদ হাসান(মুক্তমঞ্চ পত্রিকা)।